কিছু দিন আগের একটা ঘটনা, কিছু কাজের জন্য আমি সারা রাত জেগে কাজ করছিলাম। একটু পর পর খেয়াল হচ্ছিলো বাইরে একড়া বিড়াল ডাকছে, রাত একটা, দুইটা, এমন কি ফজর এর পরেও শুনি বিড়াল ডাকছে। ডাক টা স্বাভাবিক না, করুন ভাবে, এবং অনবরত। কোন থামাথামি নাই। আমি ভাবলাম গিয়ে দেখে আসি। বাড়ির সামনে রাস্তায় গিয়ে দেখি একটা বিড়ালের বাচ্চা, খুব বেশি হলে ১ সপ্তাহ বয়স! ঠান্ডায় কাঁপছে! আশে পাশে মা আছে কিনা লক্ষ্য করলাম, কিছুক্ষণ পর মোটামুটি নিশ্চিত হলাম মা নাই। এরপর আমি কিছু রুটি এনে বিড়ালের সামনে দিলাম। এরপর উপলব্ধি হলো, এই বিড়াল রুটি খেতে পারবেনা, এর একমাত্র খাবার হচ্ছে দুধ। আমি ভাবলাম কি আর করা, আমি চলে গেলাম। কিছুখন পর আবার ফিরে আসলাম,

ভাবলাম বাসায় নিয়ে যাই, নিতে আসলাম কিন্তু দেখি কোনভাবেই আসতে চায়না, আমি ভাবলাম কি আর করা, চলে গেলাম। বাসায় গিয়ে চিন্তা হলো, বিড়াল টা খাবার না পেয়ে মরতে পারে, ঠান্ডায় মরতে পারে, রাস্তার বাচ্চারা গলায় দড়ি দিয়ে টেনে হিঁচড়ে মেরে ফেলতে পারে।

মনে হলো, রাসুল (সাঃ) এর সেই কথা, **একজন মহিলা শুধু মাত্র একটা কুকুর কে পানি দিয়ে সেই কুকুরের জীবন বাচিয়েছিলো, আর এ জন্য সে জান্নাতে যাবে।** মনে হলো শাইখ আওলাকি (রহঃ) সেই কথা, **"আল্লাহ তোমার সামনে যে কোন একটা ভালো কাজ করার সুযোগ করে দিবেন, তুমি এটা চাওনি, কিন্তু আল্লাহ স্রেফ এটা কে তোমার সামনে ফেলে দিবেন, যত ছোট হোক বা যত বড় হোক, এই সুযোগ গ্রহন কর, কারন তুমি জানোনা আল্লাহ এই কাজে কি পরিমান বারাকাহ দিবেন"** আমি ভাবলাম আল্লাহ বলেছেন প্রত্যেকটা সৃষ্টি আল্লাহ্*র তাসবিহ পড়ে। এই বিড়াল টা যত দিন বেঁচে থাকবে আল্লাহ্*র অনুগত থাকবে আর আল্লাহ্*র তাসবিহ পড়বে। আমি নিজের জন্য এবার গেলাম আর বিড়াল টাকে তুলে নিয়ে আসলাম।

এরপর সেই বিড়াল কে খেতে দেয়া, বিড়ালের ময়লা পরিষ্কার করা, ম্যাও ম্যাও ইত্যাদি তে আমি মাত্র ৭ দিনের মাথায় বিরক্ত হয়ে গেলাম। মাঝে মাঝে এমন রাগ উঠে যেত, মনে হয় আছাড় মারি। এভাবে আরো কিছু দিন চললো, একটা পর্যায়ে এমন হলো যে আমার থাকার জায়গায় বিড়াল টা আর রাখা সম্ভব হচ্ছেনা। এক সকালে পশুপাখির দোকানে গিয়ে ছেড়ে আসতে গেলাম, বিড়াল আর যায়না, বিড়ালের চোখে যে ভয় দেখলাম, আবার সাথে নিয়ে চলে আসলাম।

এবার বিরক্তি আরো বাড়তে লাগলো,কারন এখন বড় হয়েছে খাবার না পেলেই দিন নাই রাত নাই ক্যাও ম্যাও করতে থাকে.. কিন্তু এই বিরক্তির মধ্য দিয়ে একটা উপলব্ধি আস্তে আস্তে পরিষ্কার হতে শুরু করলো,

একটা বিড়ালের বাচ্চার সাথে মাত্র ২০ দিনেই আমি বিরক্ত হয়ে গেলাম!

এই মুহূর্তেই আল্লাহ্*র জমিনে অগুনিত প্রানী জন্ম নিচ্ছে, মারা যাচ্ছে, তাদের মুখে খাবার তুলে দেওয়া হচ্ছে, তারা

ঘরে ফিরে আসছে, শিকার ধরছে, কেউ ঘুমাচ্ছে, কারো মা তাকে আগলে রেখেছে, কেউ বাচ্চাকে দুধ দিচ্ছে, কেউ বা বাচ্চাকে খেলা শিখাচ্ছে, কেউ ডিম পাড়ছে, কেউ বাচ্চার হেফাজত করছে.. এত গেলো শুধু প্রানী কুলের কথা, মানুষ আর জিন এর বাইরে নাই .. বরং তাদের মধ্যে অগুনিত আল্লাহ্*র কাছে চাইছে, বিপদে স্মরন করছে, কেউ পানিতে ডুবে ডাকছে, কেউ রোগে শোকে ডাকছে, কেউ খাবারের জন্য ডাকছে, কেউ কুফুরি করছে, কেউ গালি দিচ্ছে, কেউ অস্বীকার করছে, কেউ চ্যালেঞ্জ করছে..

আল্লাহ কে ডাকছে গর্তের পিপড়া রা, বনের পশুরা, গাছের পাখিরা, জমিনের পতঙ্গরা, সাগরের প্রানীরা, বাতাসে ভেসে থাকা অণুজীবেরা, আল্লাহ কে ডাকছে মায়ের পেটে থাকা ভ্রুন কিংবা শিশু, আল্লাহ কে ডাকছে অবহেলায় পড়ে থাকা বৃদ্ধ বাবা মা, আল্লাহ ডাকছেন ময়দানের মুজাহিদিন গণ ..

সৃষ্টিজগতের সবাই ডাকছে ঐ এক আল্লাহ কে!

আর এজন্য কি, তিনি ক্লান্ত হয়ে গেছেন? তিনি রাগ করেছেন? যোগাযোগ বন্ধ করে দিয়েছেন? আকাশ তুলে

নিয়েছেন? তার হুকুম প্রদানে কোন সমস্যা হয়েছে? বৃষ্টি আটকিয়ে গেছে, বাতাস বন্ধ হয়ে গেছে, সাগরের ঢেউ থেমে গেছে? নদী পানি প্রবাহ বন্ধ করে দিয়েছে? সূর্য মাঝ আকাশে উঠে দ্বিধায় ভুগছে? চাঁদ এক কোনায় গিয়ে আটকিয়ে গেছে, পাহাড় গুলো টালমাটাল করছে, বনের হিংস্র পশুরা ক্ষুধার জালায় বন ছেড়ে বেরিয়ে এসেছে, সাগরের সমস্ত প্রাণী ক্ষুধার জালায় সাগর মাতিয়ে তুলেছে, সগরের বুকে নৌযানগুলো এদিক সেদিক আছড়ে পড়ছে.. সাত আকাশ আর নিজেদের ধরে রাখতে পারছেনা, আকাশ ভেঙ্গে ভেঙ্গে পড়ছে...

এর কোনটা হয়েছে? কোনটাই না! বরং আল্লাহ কি বলছেন? আল্লাহ কত বিনম্র ভাবে আর ভালোবাসা নিয়ে বলছেন **"কে এমন আছে যে আমার কাছে চাইবে আর আমি দিবো?" "এমন কেউ কি আছে যার প্রয়োজন আছে, আর আমার কাছে চাইবে আর আমি তাকে দিব?" আল্লাহু আকবর! আল্লাহ আপনার শান অনুযায়ী আপনি মহান আর সমুন্নত!**

সারা দিন পাপ করে রাতে এসে ঘুমিয়ে গেছে, আর সেই মহান আল্লাহ ডেকে ডেকে বলছেন, **"কেউ কি আছে যে**

আমার কাছে ক্ষমা চাইবে আর আমি ক্ষমা করে দিব, আমি ক্ষমা করে দেয়ার জন্য দুই হাত প্রসারিত করে দিয়েছি!"

আর এগুলোর কোন কিছুতেই তিনি আল্লাহ ক্লান্ত হোন না, বিরক্ত হোন না, পরিশ্রান্ত হোন না, রাগ করেন না, যোগাযোগ বন্ধ করে দেন না। বরং আরো খুশি হন!

আর এমন ই তো আল্লাহ বলছেন,

"(নভোমণ্ডল এবং ভূমণ্ডল এর উভয়ের) যাবতীয় সমস্ত কিছুর প্রতিপালন/সংরক্ষন/হেফাযত আল্লাহ কে ক্লান্ত/ পরিশ্রান্ত করে না, তিনি সমুন্নত, মহীয়ান!"

একটা বিড়ালের বাচ্চা আমাকে শিখিয়ে দিয়ে গেলো, **আল্লাহ ক্লান্ত হোন না। আল্লাহ রাগ করেন না, আল্লাহ বিরক্ত হোন না, আল্লাহ ঝেড়ে ফেলে দিতে চান না, আল্লাহ পরিত্যাগ করেন না।**

আর আল্লাহও এমনই বলছেন, **"আল্লাহ কখনই তাঁর বান্দাহদের পরিত্যাগ করেন না"**

এই সেই আয়াত এর অংশ, যেটা আমি জীবনে বহুবার পড়েছি কিন্তু কখনো উপলব্ধি করিনি, এই আয়াত আমার সাথে এত জড়িত! এই এক আয়াতের এই এতটুকু অংশের মধ্যেই জড়িয়ে আছে আমার সৃষ্টি থেকে আমার শেষ পর্যন্ত সমস্ত সমস্ত চাওয়া পাওয়ার উত্তর, শুধু আমার না, আবারো বলছি, শুধু আমার না, বরং...

শুধু মাত্র এই এক আয়াতের এই অংশটুকুর মধ্যে আকাশ ও জমিনের সমস্ত সৃষ্টির চাওয়া পাওয়ার উত্তর দিয়ে দেয়া আছে!

এই সমস্ত কিছু এবং আরো এমন কিছু যা আমার সামান্য জ্ঞানের বাইরে এর সবই শুধুমাত্র একটা আয়াতের অংশ বিশেষ! আর এমন পুরা একটা কিতাবই পড়ে আছে ঘরের মধ্যে! বাকি রয়ে গেছে আরো হাজার হাজার আয়াত!

হে আল্লাহ আপনি আমাদের জন্য আপনার কিতাব কে সহজ করে দেন, আর আপনার কিতাবের সাথে আমাদের সম্পর্ক করে দেন!

৭৯.যে গাফেলতির ফল হিসেবে আমরা পেলাম রক্ত মাখা জিল্লতি!

বিসমিল্লাহ - ওয়াস সালাতু আস সালাম আলা রাসুলিল্লাহ

জাতি হিসেবে আমরা একসময়ে নিশ্চয়ই মানবিকতা, শিক্ষা এবং সভ্যতার দিক থেকে সবেচেয়ে উন্নত ছিলাম, যখন আমরা ইসলামের মধ্যে ছিলাম। এটা শুনলে আজ মুসলিম ঘরের অনেক সন্তান হেসে উড়িয়ে দেয় আমি তাদের ব্যাপারে বলব তারা উদ্ধত, এবং বঞ্চিত; ইসলামের স্পর্শ থেকে। অনেকে ভদ্র ভাবে চুপ থাকে আর তারা আসলে ভদ্র তাই চুপ থাকাকেই শ্রেয় মনে করে। আর অনেকে বিশ্বাস করতে চায় কিন্তু পারেনা তাদের ব্যাপারেই আমার এই লেখা। আমার এই লেখার উদ্দেশ্য এই না যে আমি আমাদের গৌরবজ্জল ইতিহাসের উপরে অনেক অনেক আলোচনা করে তৃপ্তির ঢেকুর তুলতে চাই, বরং কিছুটা ইতিহাস এজন্য সামনে নিয়ে আসা যেন তা চিন্তাশীলদের জন্য কিছু চিন্তার খোরাক জোগায়। আজ আমরা মুসলিম হিসেবে যতটুকু ইসলামের ইতিহাস জানি দুঃখজনক ভাবে সত্য যে অনেক কাফের আমাদের চেয়ে এই

ব্যাপারে বেশি জানে! তারা ইসলাম কে এই জন্য জানার চেস্টা করেনা যে তারা মুসলিম হয়ে যাবে বা তারা এই ধর্মের অনুসারী হবে বরং তারা গৌরবময় ইসলামের ব্যাপারে আরো বেশি জানতে চায়। আমরা নিজেরা আজ আমাদের ইতিহাস সম্পর্কে বিস্মৃত হয়ে গেছি। কবে কোথায় ঠিক কোন জায়গা থেকে কি কারনে আমাদের এই অধঃপতন শুরু হয়েছিল তা অন্য আরেকদিনের আলোচনা হতে পারে, তবে এতটুকু নিশ্চিত যে আমরা যেদিন থেকে আমাদের দ্বীনের ব্যাপারে উদাসীন হয়ে গেছিলাম সেদিন থেকেই আমাদের অধঃপতন শুরু। আর হ্যা, এখানে একটি বিষয় অবশ্যই উল্লেখ করা দরকার - যখন বলা হয় দ্বীন বা ইসলাম এর অর্থ আজকের দিনের পশ্চিমা ইসলাম (islam of west) নয়, বরং এই ইসলাম অর্থ রাসুল সাঃ এবং তাঁর সাহাবী গন যে ইসলাম পালন করেছেন প্রচার করেছেন এবং যেই ইসলামের উপরে তাঁরা জীবিত ছিলেন।

ইসলাম কে পরিত্যাগ করার কারনে, ইসলামের ব্যাপারে অবহেলা এবং উদাসিনতার কারনে আমাদের কি ক্ষতি হয়েছে তা প্রকাশ করা অসম্ভব! **শুধু এটুকু বলাই যথেষ্ট যে, আজ সারা দুনিয়ায় মুসলিম উম্মাহ'র যে করুন অবস্থা এর মূল**

কারন আমরা ইসলাম থেকে দূরে সরে গেছি। এখানে আমাদের যেমন উদাসীনতা এবং গাফেলতি আছে তেমনি কাফেরদের চেষ্টারও কোন কমতি ছিলোনা। এখনো নাই। এই দুই মিলেই আমাদের আজ এই অবস্থা! আল্লাহ আমাদের মাফ করুন, আমিন।

ঠিক যে বিষয়টি আজকে বলার উদ্দেশ্য তা হচ্ছে -

প্রতিনিয়ত ইসলাম কে বিভিন্ন ভাবে আঘাত করা হয়। এই আঘাতের একটি ধরন হচ্ছে আমাদের ঈমান আকিদাহ এবং আদর্শের উপরে আঘাত। তারা যা করে তা হচ্ছে প্রতিনিয়ত সম্ভাব্য সমস্ত রকম পদ্ধতিতে তারা আমাদের ঈমান এবিং আকিদাহ এর উপরে আঘাত করতে থাকে। কখনো আপনি তা বুঝতে পারবেন, অধিকাংশ সময়েই পারবেন না। কখনো এটা সরাসরি আঘাত যেমন বাকস্বাধীনতার নামে রাসুল সাঃ কে কটুক্তি করা আবার **কখনো এটা সরাসরি নয় যেমন সংস্কৃতির নামে আমাকে এবং আপনাকে দ্বীনের মৌলিক আদর্শ থেকে এমন বিচ্যুত করে দেয় যে লিভ টুগেদার বা সমকামিতার মত বিষয় গুলো ব্যাক্তিস্বাধীনতার নামে প্রসার পায়। আবার কখনো তারা আমাদেরকে অনেক জরুরী বিষয় থেকে দৃষ্টি সরিয়ে**

অপ্রয়োজনীয় কোন বিষয়ে ব্যাস্ত করে দেয়। যেমন জিহাদের ব্যাপারে মনোযোগ নষ্ট করে দিয়ে মাজহাব নিয়ে ব্যাস্ত করে দেয়া।

প্রথম বিষয় টি হচ্ছে সরাসরি আমাদের ঈমান এবং আকিদাহ এর উপরে আক্রমন। এই বিষয়টি মূলত দুই ভাবে ঘটে।

এক - তারা অনবরত আমাদের দিকে বিভিন্ন সন্দেহ ছুঁড়ে দিতে থাকে। আমাদের মনে অসংখ্য সন্দেহ তৈরি করতে পারাই তাদের মূল লক্ষ্য। আর বিষয়টি এমন না যে - কিছু মানুষ এই সন্দেহ গুলো তৈরি করে। বরং পুরা একটি সমাজ ব্যাবস্থা, একটি রাস্ট্র ব্যাবস্থা, শিক্ষা ব্যাবস্থা, একটি পুরা সিস্টেম এই কাজ করতে থাকে। তাদের এই সমন্বিত টিম আপনাকে বলবে আরে এটা কি ইসলামে আছে? কই কুরআনের কোন জায়গায় লেখা আছে দেখাও? তাদের আলেম রা আপনার সামনে সুন্দর লেবাসে এসে আপনাকে কুরআন থেকেই ব্যাখ্যা দিয়ে দিবে, তাদের মিডিয়া অনবরত আপনাকে সন্দিহান করে তুলবে। তাদের বুদ্ধিজীবীরা আপনার মাথায় অসংখ্য প্রশ্ন সৃষ্টি করবে।

এগুলো করে তাদের লাভ কি? **তারা চায় আপনার এবং আমার বিশ্বাসের ভিত কে নড়বড় করে দিতে। কারন সেটা করতে পারলেই তারা তাদের কাঙ্খিত লক্ষ্য অর্জন করতে পারবে।** ঈমানই হচ্ছে তাদের পথে একমাত্র অন্তরায়। তারা খুব ভালো করেই জানে আমি কিংবা আপনি পুরা কুরআন পড়িনি, আমি বা আপনি প্রতিটি আয়াতের অর্থ শানে নুযূল এবং এগুলোর প্রয়োগ বিস্তারিত জানিনা। আর তারা এই সুযোগটাই কাজে লাগায়। তারা জানে আমরা অন্ধ হয়ে আছি আর এজন্য তারা যেদিক দিয়ে ইচ্ছা আমাদের কে আঘাত করে।

কিন্তু আমি তো চুপচাপ এই আঘাত সয়ে নিজের ঈমান বিক্রি করে দেয়ার জন্য আসিনি, না আমাদের অবস্থান তেমন হওয়া উচিত। দেখেন কাফেররা তাদের পরিকল্পনায় আপাতত মোটামুটি সফল কিন্তু তারা সামগ্রিক ভাবে পুরাপুরি ব্যার্থ। কারন তারা একটি বিষয় হয় জানে না অথবা জানলেও উপেক্ষা করা ছাড়া তাদের কোন গতি নাই সেটি হচ্ছে - **আল্লাহ মুমিনদের সাথেই আছেন।** আর আল্লাহর এই কথার উপরে বিশ্বাস করেই আমার এই লেখা - এত সহজে কাফেরদের ছেড়ে দেয়ার বা তাদের চালে পা দেয়ার কোন

কারন নাই।

হ্যা আমরা নিজেরাই নিজেদের উপরে জুলুম করেছি, কিন্তু ইনশাআল্লাহ এখনো সময় শেষ হয়ে যায়নি। কাফেররা কিংবা তাদের দালালরা আমাদের সামনে বিক্ষিপ্ত সন্দেহ ছুঁড়ে দেয়। যেগুলো অধিকাংশই প্রেক্ষাপট ছাড়া। কিংবা তারা কোন একটি বিষয়ে আগে থেকে সিদ্ধান্তে উপনীত হয়ে এর পরে আমাদের কে সেই সিদ্ধান্তের ব্যাপারে ফাঁদে ফেলার চেষ্টা করে। এমন ক্ষেত্রে আমরা অধিকাংশই যা করি তা হচ্ছে, আমি নিজে কি মনে করি তা দিয়ে কাজ চালানোর চেস্টা করি। অথবা কাফেররা আমাদের মুখ থেকে যা শুনতে চায় কোন রকমে সেরকম কিছু একটা শুনিয়ে আপাতত তাদের হাত থেকে নিজেকে বাচিয়ে নিজেকে রক্ষা করার চেষ্টা করি। দুটিই ভুল।

প্রথম কথা - আপনাকে মনে রাখতে হবে যখন আপনি একজন কাফের বা তার দালালদের কোন প্রশ্নের উত্তর দিচ্ছেন তখন তার অবস্থান থেকে আপনি উত্তর দিলে হবে না। বরং আপনাকে আপনার নিজের অবস্থান থেকে উত্তর দিতে হবে। একজন কাফের চাইবে আপনি তার কথায় সন্দিহান হয়ে তার জায়গায় নেমে উত্তর দেন তাহলেই আপনি হেরে

গেলেন। বরং আপনি আপনার ঈমানের জায়গায় স্থির থেকে উত্তর দেন। একটা বিষয় মনে রাখতে হবে অই শয়তানরা আপনার চেয়েও হয়ত দ্বীনের ব্যাপারে কম জানে কিন্তু হয়তা তারা আপনাকে এমন ব্যাপারে প্রশ্ন করেছে যে ব্যাপারে আপনার জ্ঞান নাই। **আপনার এই পরাজয়ের উপরে ভিত্তি করে তারা আদর্শ হিসেবে ইসলাম কে ভুল প্রমান করতে চাইবে। এটিই তাদের ফাদ।** কিন্তু আপনি টেবিল ঘুরিয়ে দেন এবং তাকে আপনার ফাঁদে টেনে নিয়ে আসেন।

কেউ যদি আপনাকে প্রশ্ন করে -

ইসলাম জঙ্গিবাদ কে সমর্থন করে - হ্যা অথবা না?

এখন এই কথার ব্যাপারে আপনার যদি পূর্ণ জ্ঞান থাকে আলহামদুলিল্লাহ। কিন্তু যদি না থাকে তবে এই প্রশ্নের ফাঁদে পা দেয়ার আগে আপনি তার মানসিক অবস্থান চিন্তা করে নেন। সে চাচ্ছে আপনি স্বীকার করেন ইসলাম জঙ্গিবাদকে সমর্থন করে তাহলেই সে আপনাকে পরের ফাঁদে ফেলতে পারবে।

বরং আপনি তার দিকে টেবিল ঘুরিয়ে দেন, জিজ্ঞেস করেন - **আপনি কি জঙ্গিবাদ সম্পর্কে জানতে চান নাকি ইসলাম সম্পর্কে? যদি হয় জঙ্গিবাদ তবে তার সাথে ইসলামের কোন সম্পর্ক নাই আমি ইসলাম ছাড়াই জঙ্গিবাদ সম্পর্কে আরো অনেক অনেক বেশি বলতে পারব। আমার উত্তর শুনার আগে আপনি ই বরং আমাকে বলেন জঙ্গিবাদ এর সংজ্ঞা কি? আপনি যা জানেন সেই সংজ্ঞার উপরে ভিত্তি করে আমি আপনাকে জঙ্গিবাদের ব্যাপারে বলব। আর আপনি যদি ইসলাম সম্পর্কে জানতে চান তবে আপনার প্রশ্ন টা আবার করুন কারন আপনার প্রশ্ন সঠিক ছিলোনা।**

মনে রাখবেন তার ভরসা যেমন প্রতারনা আপনার ভরসা ঈমান। সে যেমন কোন অবস্থাতেই তার প্রতারনা কে ছাড়তে চাইবেনা। আপনি তেমনি কোন অবস্থাতেই আপনার ঈমান কে ছাড়তে চাইবেন না। সে আপনাকে তার প্রতারনার দিকে টানতে চাইবে আপনি তাকে আপনার ঈমানের দিকে টেনে নিয়ে আসেন। **এবং আপনি যখন তাকে ঈমানের দিকে টানবেন সে তেমনি দিশেহারা বোধ করবে যেমন আপনি তার প্রতারনার সামনে করেন।**

আরেকটি বিষয় কখন কোন প্রশ্নের উত্তর দিতে হবে আর কখন দিতে হবেনা এটিও আমাদের শিখতে হবে। আপনার কাছে জানতে চাইলো ইসলাম নারীদের বোরকা পরিয়ে নারীদের অধিকার নষ্ট করে। আপনি বলেন -

আপনি কি বোরকার ব্যাপারে আগ্রহী নাকি নারীদের অধিকারের ব্যাপারে। সে যদি বলে নারী অধিকারের ব্যাপারে। আপনি তাকে জিজ্ঞেস করেন যেহেতু ইসলাম নারীদের কে কেমন অধিকার দেয় এই ব্যাপারে আপনার যথেষ্ট আগ্রহ দেখা যাচ্ছে তাহলে আপনি বলেন ইসলামে সম্পদ বন্টনে নারীর অধিকার কতটুকু। অধিকাংশ ক্ষেত্রে আপনি সঠিক উত্তর পাবেন না। এবার তাকে বলেন, আপনি যদি সত্যি ইসলামে নারীর অধিকার সম্পর্কে জানতে চান তবে আগে এই ব্যাপারে জেনে আসেন এবং একই সাথে ইসলাম ব্যাতিত আর কোন ধর্ম এই ব্যাপারে আর কি বলেছে তাও জেনে আসেন। তখন আমি আপনার প্রশ্নের উত্তর দিব।

তাদের ২য় পদ্ধতি

অনেক সময়ে তারা আমাদের কে ফালতু বিবাদের জড়িয়ে

ফেলতে চাইবে, যেন আমাদের যুবকদের মেধা সামর্থ্য সময় সবচেয়ে উপযোগী স্থানে ব্যায় না হয়। তাই আমাদের এটিও জানা জরুরী যে এই মুহূর্তে আমার জন্য জরুরী কি? আপনাকে এটা সুস্পষ্ট ভাবে জানতে হবে যে আমি এবং আপনি আমরা সবাই ঈমান বনাক কুফর এর যুদ্ধে লিপ্ত আছি। এখানে অন্য ছোট বিষয়ে ব্যাস্ত হওয়া পরাজয় ছাড়া আর কিছুই না। আপনি যখন বক্সিং রিং এ নেমে গেছেন, আপনার প্রতিপক্ষ আপনাকে একের পর এক ঘুষি মেরেই যাচ্ছে এমন অবস্থায় রেফারি যদি আপনাকে জিজ্ঞেস করে রিং এর নিয়ম কি কি? আপনার উচিত হবে তার পেটে আগে একটা লাথি মারা। কারন নিঃসন্দেহে সে আপনার মনোযোগ নষ্ট করার কাজে ব্যাস্ত। কাফেররা শুধু নিজেরাই মাঠে নেমেছে এমন না, বরং তাদের দালালরা ও এ কাজে ব্যাস্ত। আর তাদের দালালরা সংখ্যায় অনেক। আপনি হয়ত অধিকাংশকেই পাবেন তাদের দিকে ঝুকে পড়তে - কিন্তু তাই বলে আমার কিংবা আপনার সেদিকে ঝুকে পড়া যাবেনা।

কারন আল্লাহ বলেন -

وَإِنْ تُطِعْ أَكْثَرَ مَنْ فِي الأَرْضِ يُضِلُّوكَ عَنْ سَبِيلِ اللَّهِ إِنْ يَتَّبِعُونَ إِلاَّ الظَّنَّ وَإِنْ هُمْ إِلاَّ يَخْرُصُونَ

আর যদি আপনি পৃথিবীর অধিকাংশ লোকের কথা মেনে নেন, তবে তারা আপনাকে আল্লাহর পথ থেকে বিপথগামী করে দেবে। তারা শুধু অলীক কল্পনার অনুসরণ করে এবং সম্পূর্ণ অনুমান ভিত্তিক কথাবার্তা বলে থাকে।

আর সবশেষে - যে বিষয়ের প্রতি অবহেলা আর গাফেলতির কারনে আমাদেরেই দুর্দশা সেই দ্বীনের ব্যাপারে আমাদের যত্নবান হতে হবে। অতিদ্রুত আমাদেরকে আবার দ্বীনের মধ্যেই ফিরে যেতে হবে। কারন এই দ্বীনই হচ্ছে আমাদের সুরক্ষা বর্ম। উমর রাঃ বলেছিলেন আমরা ছিলাম এক লাঞ্চিত জাতি, এর পরে আল্লাহ আমাদের কে এই দ্বীনের দ্বারা সম্মানিত করেছেন। আর আজ যদি আমরা এই দ্বীন ব্যাতিত অন্য কিছুর মাধ্যমে আমাদের সম্মান খুজার চেষ্টা করি তাহলে আল্লাহ আমাদের কে আবার লাঞ্চিত করবেন।

৮০.যে ভয়ংকর যুদ্ধের ব্যাপারে আমরা অধিকাংশই বেখেয়াল !!!

يُرِيدُونَ لِيُطْفِئُوا نُورَ اللَّهِ بِأَفْوَاهِهِمْ وَاللَّهُ مُتِمُّ نُورِهِ وَلَوْ كَرِهَ الْكَافِرُونَ

আল্লাহ বলেন "তারা মুখের ফুঁৎকারে আল্লাহর নূর কে (দ্বীন) নিভিয়ে দিতে চায়। আল্লাহ তাঁর নূর কে (দ্বীন) পূর্ণরূপে বিকশিত করেই ছাড়বেন যদিও কাফেররা তা অপছন্দ করে"

সারা দুনিয়ার সমস্ত কাফের এবং মুরতাদ মৌলিক ভাবে এবং আদর্শগত ভাবে এক, যদিও তাদের মধ্যে বাহ্যিক ভিন্নতা থাকুক না কেন। **আল্লাহ বলছেন, কাফের রা পরস্পরের আউলিয়া।**

দুনিয়ার এমন কোন প্রান্ত নাই যেখান থেকে কাফিররা আল্লাহর দ্বীনের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেনি। **কিন্তু আফসোস আমরা সেটা উপলব্ধি করতে পারিনা!**

কাফেরদের এই সম্মিলিত যুদ্ধ যে শুধু সামরিক ভাবে তাই নয়। বরং এই যুদ্ধের অনেক বড় একটা অংশ হচ্ছে **ব্যাটল অফ হার্টস অ্যান্ড মাইন্ড বা মনস্তাত্ত্বিক যুদ্ধ**। অর্থাৎ

মুজাহিদিন দের সাথে তো যুদ্ধ চলছেই আর এর বাইরে যে সব সাধারন মুসলিম রয়ে গেছে তাদেরকেও তারা এই যুদ্ধের বাইরে রাখেনি। **আপনি যতক্ষণ পর্যন্ত না কাফেরদের আদর্শের সামনে নিজেকে বিক্রি করে দিবেন ততখন পর্যন্ত আপনি তাদের শত্রু! আপনি মানেন কিংবা না মানেন।** তারা আপনার এবং আমার মধ্যে শেষ বিন্দু ইসলামের অবশিষ্ট থাকা পর্যন্ত আমাদের কে রেহাই দিবে না। আর **আল্লাহ এমন ই বলেছেন, "তারা তো চায় তোমরাও যেন তাদের মত কাফের হয়ে যাও"**

কাফেরদের আরেকটি যে যুদ্ধ ব্যাটল অফ হার্টস অ্যান্ড মাইন্ড বা মনস্তাত্ত্বিক যুদ্ধ, এটি সম্পর্কে আমাদের সচেতন হওয়া দরকার। **কারন এটা আমাদের কে নীরবে হত্যা করে।** আসলে একদিক থেকে চিন্তা করলে এই যুদ্ধ সামরিক যুদ্ধের চেয়েও অনেক ভয়ংকর। কারন সামরিক যুদ্ধে আপনি সব কিছু পরিষ্কার দেখতে পান, শত্রু দেখা যায়, ট্যাঙ্ক দেখা যায়, মেশিনগান দেখা যায়, ড্রোন দেখা যায়। কিন্তু মনস্তাত্ত্বিক এই যুদ্ধে আপনি শত্রুর কোন সুস্পষ্ট দেখা পাবেন না, কোথায় তার শুরু কোথায় তার শেষ, কোন দিক থেকে কিভাবে কোন লক্ষ্যবস্তুতে সে আক্রমন করছে তা আপনি

বুঝে উঠতে পারবেন না। এই যুদ্ধ অনেক অনেক বিষয়কে জালের মত করে পেচিয়ে আপনাকে আক্রমন করে। এই যুদ্ধে শত্রুকে চিনতে হলে এবং শত্রুর আক্রমন থেকে নিজেকে বাচাতে হলে সবার আগে যা দরকার তা হচ্ছে ইল্ম। **শুদ্ধ ইল্ম**।

যেমন একটি উদাহরন দেখা যাক। আল্লাহ বলেন -

"হে ঈমানদারগণ! তোমরা মুমিন ব্যতীত অন্য কাউকে অন্তরঙ্গরূপে গ্রহণ করো না, তারা তোমাদের অমঙ্গল সাধনে কোন ত্রুটি করে না-তোমরা কষ্টে থাক, তাতেই তাদের আনন্দ। শত্রুতাপ্রসুত বিদ্বেষ তাদের মুখেই ফুটে বেরোয়। আর যা কিছু তাদের মনে লুকিয়ে রয়েছে, তা আরো অনেকগুণ বেশী জঘন্য। তোমাদের জন্যে নিদর্শন বিশদভাবে বর্ণনা করে দেয়া হলো, যদি তোমরা তা অনুধাবন করতে সমর্থ হও"

এখানে আল্লাহ একটা বিষয়ে আমাদেরকে সতর্ক করেছেন, আর তা হচ্ছে মুমিন রা যেন মুমিন ব্যাতিত আর অন্য কাউকেই অন্তরঙ্গ বন্ধু হিসেবে গ্রহন না করে। কেন করা

যাবেনা তার কারন ও আল্লাহ উল্লেখ করেছেন। বিষয় টা আসলে এখানেই শেষ। এখন আমাদের সবার পক্ষে প্রত্যেক কাফের মুনাফিকদের অন্তরে কি আছে তা জানা সম্ভব না এবং যা আল্লাহ জানেন। তাই আল্লাহ আমাদেরকে এই ব্যাপারে সতর্ক করে দিয়েছেন। এখন আপনি এবং আমি যদি এই আয়াতে বিশ্বাস করি এবং এটা ইয়াকিনে নিয়ে আসি তাহলে কাফির মুনাফিকদের আমরা কখনই বিশ্বাস করবনা এবং তাদের সাথে আমাদের কোন অন্তরঙ্গ সম্পর্কও হবেনা। তারা যা প্রচার করবে, তারা যা আমাদেরকে বিশ্বাস করতে বলবে তা বিশ্বাস ও করব না। খুবই সিম্পল। জটিলতার কিছুই নাই। আর যদি আমার এই আয়াত আমল করি তাহলেই তাদের জঘন্য চক্রান্ত গুলো থেকে আমরা আল্লাহর সাহায্যে নিজেদেরকে হেফাজত রাখতে পারি ইনশাআল্লাহ। এখানে আরো একটি বিষয় আমাদের খুব খেয়াল রাখা দরকার - সামরিক যুদ্ধে কোন মুজাহিদ যদি মারা যান তিনি শহিদ ইনশাআল্লাহ। **কিন্তু এই মনস্তাত্ত্বিক যুদ্ধে আমরা কেউ যদি ধরা পড়ে যাই আর এই যুদ্ধে হেরে যাই তাহলে এমনও সম্ভাবনা আছে যে তার ফল হিসবে আমাদের নিজেদের ঈমান পর্যন্ত বিক্রি হয়ে যেতে পারে! (আল্লাহর পানাহ)**

এই বিষয় কে ছোট করে দেখার কোন সুযোগ নাই আর এই বিষয়ে উদাসীন থাকার ও কোন সুযোগ নাই।

আল্লাহ বলছেন -

"তোমাদের জন্যে নিদর্শন বিশদভাবে বর্ণনা করে দেয়া হলো, যদি তোমরা তা অনুধাবন করতে সমর্থ হও"

চলবে ইনশাআল্লাহ -

৮১.যে ভয়ংকর যুদ্ধের ব্যাপারে আমরা অধিকাংশই বেখেয়াল !!! (২)

সারা দুনিয়ার সমস্ত কাফের এবং মুরতাদ মৌলিক ভাবে এবং আদর্শগত ভাবে এক, যদিও তাদের মধ্যে বাহ্যিক ভিন্নতা থাকুক না কেন। আল্লাহ বলছেন, কাফের রা পরস্পরের আউলিয়া। কাফেরদের এই সম্মিলিত যুদ্ধ যে শুধু সামরিক ভাবে তাই নয়। বরং এই যুদ্ধের অনেক বড় একটা অংশ হচ্ছে ব্যাটল অফ হার্টস অ্যান্ড মাইন্ড বা মনস্তাত্ত্বিক যুদ্ধ। অর্থাৎ মুজাহিদিন দের সাথে তো যুদ্ধ চলছেই আর এর বাইরে যে সব সাধারন মুসলিম রয়ে গেছে তাদেরকেও তারা এই যুদ্ধের বাইরে রাখেনি।

তবে কথাটা আমি যত সহজে বলে দিলাম বাস্তবে পুরা বিষয় টা অত সহজ না। ব্যাটল অফ হার্টস অ্যান্ড মাইন্ড, সাইঅপ্স (PSYOP -Psychological Ops), প্রোপাগান্ডা যাই বলেন না কেন সব একই জিনিষ। আজকের আলোচনার জন্য আমরা ব্যাটল অফ হার্টস অ্যান্ড মাইন্ড কে প্রোপাগান্ডা নামে সামনে আগাবো ইনশা আল্লাহ।

প্রোপাগান্ডা শুধু মাত্র আজকের সময়ের জন্য আলোচিত এমন না, বরং এর ব্যাবহার অনেক প্রাচীন। মজার ব্যাপার হচ্ছে আজ পর্যন্ত যা পরিবর্তন হয়নি তা হচ্ছে প্রোপাগান্ডার ব্যাবহার। প্রপাগান্ডা ব্যাবহার হত যুদ্ধের ময়দানে। যদিও এখন যুদ্ধের বাইরেও কোন কোন ক্ষেত্রে প্রোপাগান্ডা ব্যাবহার হয় যেটা

আমাদের আলোচ্য না। প্রপাগান্ডার একটি প্রাচীন উদাহরন আমরা দেখি। সেটি হচ্ছে পারাস্য সম্রাজ্যের সাথে প্রাচীন মিশরীয় সম্রাজ্যের যুদ্ধের সময় পারস্য বাহিনীর যুদ্ধের সময় বিড়াল সহ বিভিন্ন পশু ব্যাবহার। কারন তারা জানত মিশরীয়রা তাদের বিভিন্ন বিশ্বাসের কারনে বিড়াল বা এরকম প্রানী হত্যা করতে পারবে না বা যুদ্ধের ময়দানে এটা তাদের কে দ্বিধান্বিত করে ফেলবে। একই ভাবে যুগে যুগে যুদ্ধের সময় প্রোপাগান্ডার ব্যাবহার অসংখ্য। প্রথম বিশ্বযুদ্ধ, দ্বিতীয় বিশ্বযুদ্ধ, ভিয়েতনাম ওয়ার, গালফ ওয়ার, ডেজার্ট শিল্ড, ইন্তিফাদা সহ সমস্ত বড় বড় ওয়ারফেয়ারে প্রোপাগান্ডার উপস্থিতি বিস্ময়কর! যুদ্ধের একটি অন্যতম কৌশল হচ্ছে শত্রুর মনোবল ভেঙ্গে দেয়া। বিভিন্ন ভাবে এটি করা হয়। তবে এটি করার সবচেয়ে কার্যকরী এবং সহজ উপায় হচ্ছে একটি সফল প্রোপাগান্ডা কৌশল। এতকথা বলার পিছনে আমার উদ্দেশ্য হচ্ছে আপনারা এটি মাথায় গেথে নেন, যুদ্ধ এবং প্রোপাগান্ডা একটি আরেকটির সাথে জড়িত। একটি তীর এর কাজ যেমন বিদ্ধ করা, ঘায়েল করা, প্রোপাগান্ডা এমন একটি তীর, যার কাজ বিদ্ধ করা, ঘায়েল করা। পার্থক্য হচ্ছে একটি শারীরিক আরেক টি মানসিক। হ্যা, দুটির মধ্যে আরেক টি বড় পার্থক্য আছে। তা হচ্ছে প্রথম টি আপনি বুঝতে পারবেন, দেখতে পারবেন এমন কি প্রতিহত ও করতে পারবেন তবে দ্বিতীয়টির ক্ষেত্রে আপনি খুব সম্ভব বুঝতেই পারবেন না যে

এটি একটি তীর এবং সেটা আপনাকে হত্যা করার জন্যই!

যা বলছিলাম - তবে কথাটা আমি যত সহজে বলে দিলাম বাস্তবে পুরা বিষয় টা অত সহজ না। এই ব্যাপারে কোন সন্দেহ নাই যে সারা দুনিয়া আজ ইসলামের বিরুদ্ধে যুদ্ধে জড়িত। কিন্তু কাফেররা যত ধনীই হোক আর যত অস্ত্রই তাদের থাকুক না কেন এ কাজটি এত সহজ না। কারন যুদ্ধ অর্থ কে নিঃশেষ করে মরুভুমি যেভাবে পানিকে শোষণ করে সেভাবে। দ্বিতীয় বিষয় হচ্ছে - সামর্থ্যের সবটুকু দিয়েও যে আপনি শত্রুর বিরুদ্ধে জয়ী হতে পারবেন এমন কোন নিশ্চয়তা নাই। কারন মডার্ন ওয়ারফেয়ার অনেক বদলে গেছে। এখন জয় পরাজয়ের সংজ্ঞা অনেক জটিল! যেমন একটি উদাহরন দেই, ভিয়েতনাম ওয়ারে ভিয়েতনামের মাটিতে অ্যামেরিকান সোলজাররা হয়ত বিজয়ী বা বিজয়ী হতে পারত, কিন্তু অ্যামেরিকান রা নিজেদের মাটিতে নিজেদের জাতির কাছে পরাজিত হয়ে গেছিলো। কারন তাদের নিজেদের জাতি শেষ দিকে ভিয়েতনামে তাদের সেনাবাহিনির এই জুলুম কে চিনতে পেরেছিল এবং তারা এর প্রতিবাদ করেছিল। এই বিষয় গুলো এজন্য সামনে নিয়ে আসা যেন আমরা যথা সম্ভব পুরা বিষয় টার একটা বড় ছবি সুস্পষ্ট ভাবে দেখতে পারি, কারন প্রোপাগান্ডা বিষয় টাই অনেক ব্যাপক।তাহলে আগের কথা ফিরে আসি নিঃসন্দেহে কাফের রা

এক মহাযুদ্ধে ব্যাস্ত আছে। এটা সহজ নয় কিংবা কখনই সম্ভব ছিলোনা এই প্রোপাগান্ডা বা টেকিং কন্ট্রোল অভার হার্টস অ্যান্ড মাইন্ড ছাড়া।

সহজ ধরে নেন, কাফের রা এভাবে চিন্তা করলো - আচ্ছা এত যুদ্ধ করার কি দরকার? যুদ্ধ টা কিসের জন্য? কিসের সাথে? একটি আদর্শের সাথে। একটি বিশ্বাসের সাথে। আর সেই আদর্শ বা বিশ্বাসের নাম হচ্ছে ইসলাম। এটিও একটি গুরুত্বপূর্ণ নোট যে, প্রতিটি যুদ্ধের পেছনে থাকে একটি আদর্শের প্রচার, বিস্তার বা জোরপুর্বক চাপিয়ে দেয়া। আর এটা আল্লাহ ও বলেছেন, ভাবার্থে, তাদের (কাফেরদের) শত্রুতা আপনার সাথে (মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) নয় বরং তাদের শত্রুতা আল্লাহর দ্বীনের সাথে। কথায় ফিরে আসি, কাফের রা এভাবে চিন্তা করলো - আচ্ছা এত যুদ্ধ করার কি দরকার? যুদ্ধ টা কিসের জন্য? কিসের সাথে? একটি আদর্শের সাথে। একটি বিশ্বাসের সাথে। এখন কেমন হয় আমি যদি এই আদর্শকেই চেঞ্জ করে ফেলতে পারি। অর্থাৎ, আমি এই আদর্শের সাথে সরাসরি যুদ্ধে না গিয়ে এই আদর্শ কে আমার নিজের মত চেঞ্জ করে ফেলি, তাহলেই তো হয়ে যায়। আপনি হয়ত ভাবছেন,

ইসলাম আমার ধর্ম, এই আদর্শের উপরে আমার বাপ দাদা বড়

হয়েছে আমি বড় হয়েছি আর এটা চেঞ্জ করে ফেলবে - আমি সেটা ধরতে পারবোনা? আরে আজিব! তাই হয় নাকি?

উত্তর হচ্ছে না আপনি ধরতে পারবেন না এবং আপনি ধরতে পারবেন না বলেই এটার নাম প্রোপাগান্ডা। তবে আসলে এই প্রশ্ন না করে উচিত প্রশ্ন টি হচ্ছে - তাহলে কাফের রা আমার ইসলাম কি অলরেডি চেঞ্জ করে ফেলেছে?

এটার উত্তর -

চলবে ইনশা আল্লাহ

৮২.যেদিন আমাদের মধ্য থেকে গিরাহ হারিয়ে গেছে –

মুসলিম উম্মাহর সুন্নাহ হিসেবে আমাদের মধ্যে আজ সম্ভবত আর কিছুই অবশিষ্ট নাই। আমরা আজ নাম সর্বস্ব উম্মাহ'তে পরিনত হয়েছি। আফসোস, অনেকে তো এই নামের নিশানা টুকুও মুছে ফেলতে চায়। নিজের এই মুসলিম পরিচয় নিয়েও তারা সংকোচ বোধ করে। অনেকে আবার এই মুসলিম

পরিচয়কে নিজের মত করে সাজিয়ে নেয় যার সাথে উম্মাতে মুহাম্মাদির সুন্নাহ'র দূরতম কোন সম্পর্ক নাই! এগুলো যেমন আমাদের গাফেলতি তেমনি কাফেরদের চক্রান্ত। কিন্তু দিন শেষে যদি বলা হয় কে বেশি দোষী? তাহলে উত্তর হবে আমরা নিজে!

কেন? এটার উত্তর আসলে খুব সহজ। আল্লাহ কুরআনে কিছু নীতি ঠিক করে দিয়েছেন। কিছু ঘোষণা দিয়ে দিয়েছেন। এগুলো ইসলামের মৌলিক বিষয়। এগুলোর সাথে কোন আপোষ নাই, কোন আপোষ নাই এর অর্থ - আমাদের নিজেদের জান, মাল এবং রক্তের বিনিময়েও এসব মৌলিক নীতিসমুহের সাথে কোন আপোষ নাই। কথাটা বুঝতে কিছু সমস্যা হতে পারে কারন আমরা অনেকেই তো এখন বাস্তবতা থেকে এত বেশি দূরে এবং কাফেরদের চক্রান্তে এমন ভাবে বিক্রি হয়েছি যে এগুলো আমাদের কাছে দুর্বোধ্য মনে হতেই পারে।

১ম কথাঃ

আল্লাহ বলেছেন (ভাবার্থে)- আল্লাহর কাছে একমাত্র গ্রহন

যোগ্য দ্বীন হচ্ছে ইসলাম, কিংবা আমি ইসলাম কে তোমাদের জন্য দ্বীন হিসেবে মনোনীত করলাম, কিংবা আজ তোমাদের জন্য ইসলাম কে পরিপূর্ণ করে দিলাম। সার কথা হচ্ছে আমাদের জন্য দ্বীন হচ্ছে ইসলাম। এর বাইরে অন্য যে কোন দ্বীন/ধর্ম মতাদর্শ আমাদের জন্য না, আংশিক কিংবা পরিপূর্ণ। **একটা সহজ বিষয় আমরা বুঝতে ব্যার্থ হই সেটা হচ্ছে - ইসলাম আমার বা আপনার মনমত, পছন্দ মত চলতে পারেনা, আর যদি সেভাবেই চলত তাহলে আজ আমাদের অবস্থা কাফের মুশরিকদের মতই হত।** যাদের কেউ তাদের কিতাব কে পরিবর্তন করে ফেলেছে কিংবা কেউ পাথর কে প্রভু বানিয়ে নিয়েছে। আল্লাহ কুরআন কে আমাদের জন্য অবিকৃত ভাবে সংরক্ষন করেছেন এটা প্রত্যেক মুসলিম স্বীকৃতি দেয়, কিন্তু অধিকাংশই যে প্রশ্ন কখনই করেনা তা হচ্ছে - কেন? আল্লাহ কেন কুরআন কে আমাদের জন্য সংরক্ষন করে রাখলেন? এটা কি এই জন্য যে, আমরা কুরআনের কিছু অংশ কে গ্রহন করব আর কিছু কে পরিত্যাগ করব? তাহলে আমার আর আপনার জন্য কুরআন নিজেই সাক্ষ্য হয়ে যাবে! এই ব্যাপারে দুশচিন্তা করার যথেষ্ট কারন আছে!

সারমর্ম হচ্ছে -আল্লাহ দ্বীনের কিছু মৌলিক নিতিমালা নির্ধারন

করে দিয়েছেন, এর বাইরে যদি কেউ যায় তবে সে সীমা লঙ্ঘন করল। আল্লাহ যা স্পষ্ট করে দিয়েছেন সীমা হিসেবে যে কেউ তা অতিক্রম করবে সে নিজেই নিজের জিম্মায় ইসলামের সীমা অতিক্রম করবে। একই সাথে আরো একটি প্রশ্ন করা দরকার - আমি কি ইসলামের জন্য খুব বড় কেউ! আমি না থাকলে কি ইসলামের খুব ক্ষতি হয়ে যাবে! **আজ যারা ইসলামের আগ পিছ নিয়ে কাট ছাট করতে চায় তাদের কাছে প্রশ্ন - কুরআনের কয়টা আয়াত আপনার কাছে নাজিল হয়েছে?**

আর যাদের কাছে কুরআনের একটা আয়াতও নাজিল হয়নি তাদের মুখের ইসলাম কে আমরা কোন লজ্জায় নিজের জিন্দেগীতে নিয়ে আসি এটা নিয়ে ভাবা দরকার! হ্যা আমরা যাদের মুখের কথা বিশ্বাস করি তাদের কাছেও কোন আয়াত নাজিল হয়নি, কিন্তু তারা যা কিছু সত্যসহ নাজিল হয়েছে তার বিরুদ্ধে যায়না, তারা নিজের মনমত দ্বীনের সীমানা কে অতিক্রম করেনা।

২য় কথাঃ

উমর রাঃ একটা কথা বলেছিলেন, আমরা ছিলাম এক লাঞ্ছিত জাতি। আল্লাহ ইসলামের মাধ্যমে আমাদের কে সম্মানিত করেছেন। আর এখন যদি আমরা ইসলাম ব্যাতিত অন্য কিছুর মধ্যে আমাদের সম্মান খুজতে চেষ্টা করি আল্লাহ আমাদের কে আবার লাঞ্ছিত করবেন।

এই দুই উপস্থাপনা থেকে আমি যা বলতে চাইলাম তা হল - ইসলাম ব্যাতিত আমাদের কোন সম্মান নাই- ব্যাস শেষ, কথা শেষ।

৩য় কথাঃ

কিন্তু বাস্তবতা হল আমরা এই সব বিক্রি করে দিয়ে আজ এক উদ্বাস্তু জাতিতে পরিনত হয়েছি। উম্মাহ হিসেবে আমরা এত দুর্বল হয়ে গেছি যে - সামান্য কিছু ইহুদীদের কাছ থেকে আমরা আমাদের প্রথম কেবলা বাইতুল মাকদিস কে ফিরিয়ে আনতে পারিনা। এটা এজন্য নয় যে ইসরায়েলের খুব শক্তি আর আমরা শক্তিহীন। **বরং এটা এজন্য যে, বাইতুল মাকদিস এর জন্য ইহুদীদের যে গিরাহ আছে আমাদের তা নাই।**

উম্মাহ হিসেবে আজ আমাদের গিরাহ বলতে কিছু নাই! এজন্য আমাদের মারো কাটো কোন কিছুতেই কিছু যায় আসেনা। যতক্ষণ আমার স্বার্থ ঠিক আছে আমার কোন সমস্যা নাই। হায় রে উম্মাহ!

আজ মুসলিম উম্মাহ এর রক্ত সাদা হয়ে গেছে। ঠান্ডা হয়ে গেছে। কাফের আর মুরতাদরা তাদের মিথ্যা গোলামদের জন্য অস্ত্র ধরতে ভয় পায়না কিন্তু মুসলিম উম্মাহ নিজের আত্মরক্ষার জন্য হলেও অস্ত্র ধরতে ভয় পায়! সারা দুনিয়ার কাফের রা যখন মুসলিমদের রক্ত প্রবাহিত করতে অস্ত্র ধরতে লজ্জা পায়না তখন উম্মাহ নিজের মা বোনের ইজ্জত বাচাতে অস্ত্র ধরতে লজ্জা পায়!

আসলিহা মুসলিম উম্মাহ'র সুন্নাহ! আমাদের সুন্নাহ! আজ অ্যামেরিকার খ্রিস্টানরা আর ইস্রায়েলের ইহুদিরা নিজেদের সাথে অস্ত্র রাখাকে সম্মান এবং গর্বের মনে করে, কিন্তু আমরা এই সুন্নাতের সবচেয়ে বড় হক্কদার হয়ে নিজেদের সাথে অস্ত্র রাখতে ভয় পাই! আর যখন গিরাহ এভাবে নিঃশেষ হয়ে যায় তখন সবাই এসে আমাদের ছিন্ন ভিন্ন করে দিবে এটাই স্বাভাবিক। **যেদিন থেকে আমাদের গিরাহ হারিয়ে গেছে সেদিন**

থেকেই আমাদের এই রক্ত বন্যা আর জিল্লতির জিন্দেগি শুরু।

সব শেষে আমার এবং ভাইদের জন্য শাইখ কাসেম আর রিমি হাফিজাহুল্লাহ এর কথাটাই মনে পড়ে গেলো -

আমরা তো সেই জাতি যারা প্রতিশোধ নিতে ভুল করিনা বা পথিমধ্যে নিস্তব্ধ হয়ে যাইনা।

৮৩.রমাদান ই হোক ঘুরে দাঁড়ানোর উপলক্ষ!

বিসমিল্লাহ ওয়াস সালাতু আস সালাম আলা রাসুলিল্ললাহ -

আসছে রমাদান! আরেকটি সুযোগ, রব্বে কারীমের রহমত, মাগফিরাত এবং নাজাত লাভের ওয়াসিলা হয়ে। ইয়া আল্লাহ আপনি আমাদের জন্য রমাদান এর পূর্ণ ফায়দা হাসিলের তাউফিক দান করুন, আমিন।

আসলে আল্লাহর নিয়ামত বলে শেষ করা সম্ভব না। আমি, আমরা বড়ই অধম, বড়ই দুর্ভাগা যে আমরা আল্লাহর

নিয়ামতের দিকে তাকাইনা। নিয়ামত গুলো বুঝিনা। এজন্য নিয়ামত আসে আবার চলে যায় কিন্তু আমাদের জীবনের কোন পরিবর্তন হয়না! কারণ নিয়ামতের শুকরিয়া আদায়ের সুযোগ আমাদের হয়না। আমাদের মধ্যে এমন কেউ কি আছেন যিনি আল্লাহর নিকট রমাদানের ব্যাপারে সুপারিশ করেছিলেন? এমন কেউ কি আছেন যিনি রমাদানের মধ্যে লাইলাতুল কদর এর জন্য সুপারিশ করেছিলেন?

না, কেউই নেই। বরং আল্লাহ নিজ দয়া এবং অনুগ্রহে আমাদের এই নিয়ামত গুলো দিয়েছেন। **ভাবা যায়, যদি আমাদের জন্য কোন রমাদান ই না থাকতো? না ভাবা যায়না! ভাবতে গেলে দম বন্ধ হয়ে আসে। রমাদান নাই! কিন্তু এটা অবাস্তব কিছু না -**

এখানে এসে একটু অন্য প্রসঙ্গে সরে যাচ্ছি। **ঐ যে বললাম, ভাবা যায় রমাদান নাই? আসলে এটা দুনিয়াতে লক্ষ লক্ষ মুসলিমের জন্য বাস্তবতা। উইঘুরের লক্ষ লক্ষ মুসলিমের জীবনে রমদান থেকেও রমাদান নাই! আল্লাহ আমাদের ভাইবোনদের হেফাযত করুন।**

আচ্ছা লক্ষ্য করুন, গত রমাদানে কেউ ভাবতে পারতো আমরা জুমার জামাত থেকে বঞ্চিত হব? না কেউই না। ঐ সময় পর্যন্ত জুমার জামাতের নিয়ামতের ব্যাপারে আমরা হয়ত সেভাবে কখনো ভাবিইনি। যখন জুমা আমাদের থেকে বেরিয়ে গেলো তখন কস্ট লাগলো! তাই নিয়ামত চলে যাবার আগে নিয়ামতকে চিনে নেয়া, চিনতে পারা অনেক জরুরী।

কোথায় যেন দেখেছিলাম, জামাত হাতছাড়া হয়ে গেলো তাই আজ মিম্বার গুলো গরম হয়ে গেলো, কিন্তু ইসলামের চূড়া হাতছাড়া হয়ে গেলো তখন কেউ টু শব্দও করলোনা! কেন করেনি? কারণ তারা সেই মহান ফরজের মর্যাদাই বুঝেনি কিংবা বুঝলেও ভেবেছে আরে এর চেয়ে আমার আপাত স্বার্থ বেশী দামী! সম্ভব সাইয়েদ কুতুব রহঃ এর একটা কথা ছিলো এমন, ইসলামের শাসন না থাকা হচ্ছে সবচেয়ে বড় জুলুম। আর ইসলামের শাসন কেন নাই এই প্রশ্নের উত্তর যদি খুজতে যান তাহলে খুঁজে পাবেন ঐ যে ফরজটি যেদিন মিম্বার থেকে হারিয়ে গেলো সেদিনের সুত্র! হায় যদি আমরা সেদিন এই ফরজকে অবহেলা না করতাম!

আচ্ছা, আবার মূল প্রসঙ্গে ফিরে আসি -

নিয়ামতকে বুঝে আসা খুব জরুরী। আল্লাহ বড় দয়া করেই আমাদের এই রমাদান দান করেছেন, আমি আপনি কেউই এই রমাদান এর জন্য কিছুই করিনি। একভাব ভেবে দেখেন তো, যদি বলা হত, এইবারের রমাদানে সারা দুনিয়া থেকে মাত্র ১/২/৫/১০ লক্ষ মুসলিমকে ক্ষমা করা হবে, কেমন অবস্থা হত! আর যদি সেই সাথে আল্লাহ শর্ত দিয়ে দিতেন এই শর্ত সাপেক্ষে! আর যদি আল্লাহ চাইতেন সেই শর্ত সমুহকে আরো শক্ত করে দেয়া হবে!

আল্লাহ বলেছেন, **"তোমাদের প্রতি আল্লাহর অনুগ্রহ ও দয়া না থাকলে এবং আল্লাহ তাওবা কবুলকারী, প্রজ্ঞাময় না হলে কত কিছুই যে হয়ে যেত"** [সূরা আন নুর-১০]

রমাদান আসে, আবার চলে যায় এই অধমের হাল যেমন ছিলো তেমনই থেকে যায়, ও আল্লাহ তোমার নিকট আশ্রয় চাই!

রমাদানে আমরা কি করতে পারি? এ ব্যাপারে আসলে

সুনির্দিষ্ট কিছু না বলাই উত্তম, কারণ সে অধিকার এখতিয়ার কোনটাই আমার নাই। আর যারা কল্যাণকামী তারা বিভিন্ন রুটিন, আমাল একে অপরকে জানাচ্ছেন, উৎসাহিত করছেন আলহামদুলিল্লাহ। এমন অবস্থায় এ ব্যাপারে আমি আপনাদের সামনে নিজের কিছু চিন্তা পেশ করলাম।

আমরা এই রমাদানে কুরআনের সাথে সীরাহ এর আলোচনা, তালিম রাখতে পারি কিনা। আবু দাউদ শরীফে উম্মুল মুমিনিন আয়িশা রাঃ থেকে একটি হাদিস আছে, ভাবার্থে, **উম্মুল মুমিনিন রাসুল সাঃ চরিত্র এর ব্যাপারে বললেন, তোমরা কুরআন পড়োনা? কুরআনই তো ছিল তাঁর চরিত্র।**

সাহবাগণ কুরআন বুঝার জন্য তাঁদের সন্তানদের সীরাহ শিক্ষা দিতেন, কারণ তাঁরা জানতেন সীরাহ ব্যাতিত কুরআনের বুঝ সম্পূর্ণ নয়। এ ব্যাপারে ফোরামে বিজ্ঞ ভাইগণ সুযোগে আলাদা আলোচনা করতে পারেন ইনশা আল্লাহ, সীরাহ শিক্ষা এবং এর গুরত্ব, ফজিলত নিয়ে।

এর বাইরে সীরাহ শিক্ষা আমাদের জন্য অত্যন্ত অপরিহার্য একটি শিক্ষা। এর কোন বিকল্প নাই, ব্যাতিক্রম নাই, থাকা

উচিৎ নয়। কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের কথা, **জাতি হিসেবে আমাদের সন্তানরা মুজিবের জীবনী খুব ভালো ভাবে শিখে কিন্তু সৃষ্টি জগতের সর্বশ্রেষ্ঠ মানুষটির ব্যাপারে তাদের কোন জ্ঞানই থাকেনা!** (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)

আর শুধু সন্তানরাই বা কেন হবে, আমাদের মধ্য থেকেও অনেকে আমরা রাসুলের পূর্ণ সহিহ সীরাহ তো অনেক দুরের কথা, রাসুলের পবিত্র জীবনের সামান্য ছিটেফোটাও আমরা বিশুদ্ধ ভাবে জানিনা। সীরাহ আমরা আলাদা ভাবে শিখিনা, কেউ আমাদের শেখায়না। এভাবে একটি জাতি বড় হয় এভাবে যে তারা, আর তাদের সন্তানেরা জানেনা রাসুলের পবিত্র জীবন সম্পর্কে (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)

অনেক ভাই পরিবার থেকে এমন কথা শুনে থাকেন, তুই কোন কামাই রোজগার করবিনা, জিহাদ করবি, কিন্তু রাসুল সাঃ কি ব্যাবসা করেন নি? রাসুল সাঃ কি ইহুদিদের সাথে, কাফেরদের সাথে ব্যাবসা করেন নি? তারা এটুকু তো সীরাহ থেকে অবশ্যই দেখে নিয়েছেন যা ছিলো রাসুলের নবুওয়তের আগের কথা কিন্তু রাসুল সাঃ এর নবুওয়তের পর থেকে রাসুল সাঃ এর মৃত্যুর আগ পর্যন্ত রাসুলের রিজিক কোথায়

নির্ধারণ করা ছিলো তা আর কেউ দেখেননা, কেউ আলোচনাও করেননা। রাসুল সাঃ নিজে বলেছেন, আমার রিজিক আমার বর্শার ছায়ার নিচে! জি, বর্শা! **আল্লাহ নিজে যুদ্ধলব্ধ গনিমত থেকে রাসুল সাঃ এর জীবিকা নির্ধারন করে দিয়েছেন! হায়, কয়জন এ বলে উৎসাহ দেয়, রাসুলের ন্যায় জীবিকা তালাশ কর, নিজের বর্শার ছায়ার নিচে রিজিকের তালাশ কর।**

আমার আপনার সন্তানের সামনে কেউ আমাদের গালি দিলে তারা অগ্নিশর্মা হয়ে যায়, আলহামদুলিল্লাহ এটা ভালো। **কিন্তু পুরা জাতির সামনে রাসুলের পবিত্র সম্মানে বেয়াদবি করা হয়, অথচ জাতির যুবকেরা বুঝেই উঠে না করনীয় কি! শুধু তাই নয়, আল্লাহ যদি তাঁর অনুগ্রহ ধন্য কোন বান্দাকে দিয়ে দেখিয়ে দেন যে, কি করতে হয় তাহলে এমনকি ইলম আছে এমন দাবীকৃত এক শ্রেণী পর্যন্ত এ নিয়ে মহা তালগোলে পড়ে যান, আরে না... আসলে শোনো কথাটা ... ঐটা এটা না, আর সেটা ঐটা না ...**

লজ্জা, বড় লজ্জা! একজন মুরতাদের বিরুদ্ধে কটাক্ষ করলে তার জেল হয়, শাস্তি হয় আর সেই একই আইনে রাসুলের

অবমাননা করলে পাপিষ্ঠের জামিন হয়ে যায় অথচ কারো রক্ত গরম হয়না! আমার কানে এখনো বাজে, কথিত জাতীয় মসজিদের খতিব মিম্বার গরম করে একবার কুরবানির আগে কোন জুমায় বলছিলেন ভাবার্থে এমন যে, যে কুরবানি দিবেনা সে মিল্লাতে ইবরাহিমের কেউ নয়! অথচ এই গরম রক্ত মুহুর্তে ঠান্ডা পানি হয়ে যায় মিল্লাতে মুজিবের কথা শুনলে!

কেন? এই জিল্লতি কেন? কারণ আমরা ইতিহাস ভুলে গেছি তাই, ইতিহাস আমরা শিক্ষা করিনি তাই, আমাদের রাসুলকে আমরা চিনিনি তাই, তাঁর জীবন আমাদের পথচলার বাস্তব উদাহরণ হয়নি তাই, এমন অসংখ্য কারণ রয়েছে।

তাই এই রমাদানকে আমরা রাসুল সাঃ এর সিরাত শিক্ষা করার উপযুক্ত সুযোগ মনে করি, যার পক্ষ থেকে যতটুকু সম্ভব হয় সেভাবেই চেস্টা করি। যদি হক্কপন্থী কোন আলিমের থেকে শিখা যায় তাহলে তো অতি উত্তম। আর সে সুযোগ না হলে, অনলাইনে বিভিন্ন লেকচার পাওয়া যায়, বই পাওয়া যায় সেগুলো নিয়ে আলোচনা করি, তালিম করি এবং শিক্ষাকে বাস্তবমুখী ভাবে পরিবারের সামনে উপস্থাপন করি

ইনশা আল্লাহ। হয় আজ না হয় কখনই নয় এমন একটা কথা আছে মনে হয়।

আসলে আমাদের সামনে এখন সেই অবস্থা চলে এসেছে। এখন সীরাহ শিক্ষা করা আবশ্যিক, অত্যাবশ্যিক হয়ে গেছে। আমরা পা রাখতে যাচ্ছি কিংবা রেখে দিয়েছি শেষ যামানায়। রাসুলের কথা মতে ফিতান আসবে ঢেউ এর মত। এমন সময়ে শুধু মাত্র রাসুলের সুন্নাহ এবং তাঁর দেখানো পথের অনুসরণই কেবল আমাদের অন্ধকারে পথ দেখাবে, এ ব্যাতিত অন্য আর কিছুই নয়!

আবারো বলছি, অন্য কিছুই নয়, হোক না তা যত বড় ডিগ্রি!

আমার এখনো স্মরন হয়, আমি যখন ছোট ছিলাম তখন আমার স্কুলে রাসুল সাঃ এর সীরাহ এর উপরে রচনা লেখা প্রতিযোগিতা হত, বিভিন্ন স্কুলে রাসুলের জীবনী নিয়ে বক্তৃতা প্রতিযোগিতা হত। এরপরে, শেষ কবে স্কুল গুলোতে আমি তা দেখেছি আমার স্মরন নাই! তাই, রাসুলের সীরাহ যে নিয়ামত এই নিয়ামতও যেন একদিন আমাদের থেকে চূড়ান্ত ভাবে হাতছাড়া না হয়ে যায়, **একটি প্রজন্ম যেন এভাবে বড়**

না হয় যে, তারা জানেনা তাদের রাসুল কেমন ছিলেন! নাউজুবিল্লাহ!

হ্যাঁ আমি আপনার সাথে স্বীকার করি, শুধু এতটুকুই বিশাল যুদ্ধের সমান। যেখানে প্রতিনিয়ত তাদের বিষ গেলানো হচ্ছে, মগজ ধোলাই করানো হচ্ছে। তাহলে আপনার কাছে আমার শেষ প্রশ্ন -

... কি বলেন, তাহলে আমরা হাল ছেড়ে দেই! যদি না হয় তাহলে ...

এই রমাদান ই হোক ঘুরে দাঁড়ানোর উপলক্ষ!

ইয়া রব্বব, আপনি আমাদের জন্য আপনার রাসুলের সীরাহ সহিহ শুদ্ধ ভাবে শিক্ষা করার এবং তা বাস্তবে আমল করাকে সহজ করে দিন, আর আমাদেরকে সম্মানিত রাসুল সাঃ এর সাথে জান্নাতে একত্রিত করুন, আমিন।

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র - স্বার্থ কার?

মুল প্রসঙ্গে যাবার আগে একটু ভুমিকা সেরে নেই। ইকোনমিক হিট ম্যান জন পারকিন্স তার বই "কনফেশন অফ এ ইকোনিক হিটম্যান" এ কিছু বিষয় উল্লেখ করেছেন। যার মধ্যে একটি হচ্ছে কিভাবে শোষক শ্রেণী দরিদ্র বা উন্নয়নশীল দেশ গুলো থেকে সুবিধা নেয়। সংক্ষেপে সেই ফর্মুলা টা হচ্ছে এমন যে,

ওয়ার্ল্ড ব্যাংক বা এমন দাদা টাইপের কেউ কোন দরিদ্র বা উন্নয়নশীল দেশকে (যাদের কে আমরা থার্ড ওয়ার্ল্ড কান্ট্রি বলে বেশি চিনি) বিপুল পরিমানে লোন দিবে বিভিন্ন বড় বড় ইনফ্রাস্ট্রাকচার করার জন্য, যেমন পাওয়ার প্লান্ট, এনার্জি সেক্টর, তেল কিংবা গ্যাস, এরকম। এরপরে তারা এই লোনের সাথে এমন সব শর্ত জুড়ে দিবে যে বাস্তবে এই লোনের পুরা কিংবা সিংহভাগ টাকা আবার তাদের কাছেই

ফিরে যাবে। এটা হবে এই ভাবে যে, এই প্রকল্প বাস্তবায়নের জন্য তাদেরই পছন্দ অনুযায়ী কোম্পানি নিয়োগ দিতে হবে, তাদের পছন্দ অনুযায়ী সরবরাহকারী থেকে কাচামাল নিতে হবে। এই ভাবে এই টাকা বাস্তবে আবার ঘুরে বিশ্ব ব্যাংক কিংবা তার স্বার্থ রক্ষা কারীদের হাতে গিয়েই পৌছায়। এখানেই শেষ নয়। বরং এরপরে এই ফ্যাসিলিটি থেকে অধিকাংশ সুবিধা তারাই আগে নিয়ে নেয় এবং তাদের পছন্দ মত দামে এটার কেনা বেচা করতে বাধ্য করে। এভাবে দিন শেষে যখন হিসাবের খাতা খুলে বসা হয় তখন দেখা যায় - বিশ্বব্যাংক এই সব হতভাগা দেশের সামনে বিশাল এক মুলা ঝুলিয়ে সর্বস্ব লুটে নিয়ে সেই দেশের হতভাগা জনগনের উপরে এক বিশাল ঋণের বোঝা চাপিয়ে দেয়। শুধু তাই নয়, ফ্রিতে দিয়ে যায় পরিবেশ বিপর্যয় কিংবা স্বাস্থ্য ঝুঁকি সম্পন্ন কোন প্রাকৃতিক বিপর্যয়।

আবারও বলি এটা আমার কথা না, জন পারকিন্স এর কথা। এই পুরা ফর্মুলায় জন পারকিন্স দের মত হিটম্যানদের কাজ কি? তাদের কাজ হচ্ছে সেই হতভাগা দেশকে এটা বিশ্বাস করানো যে - তোমার দেশ এবং জাতির উন্নতির জন্য এর চেয়ে সুন্দর আর কোন অফার হতেই পারেনা। তবে বাস্তবতা

আসলে আরেকটু তিক্ত। কারন এই কেনাবেচা টা আসলে এত সরল নয় - বরং এই কেনা বেচা তা হয় মুলত দুই ভাবে।

১। সেই দেশের নেতাকে বা নেতাদেরকে (যারা এই সিদ্ধান্ত প্রভাবিত করার ক্ষমতা রাখে) তাদের কে অর্থের মাধ্যমে কিনে নেয়া হয়।

২। সামরিক, বেসামরিক, কূটনৈতিক হুমকির মাধ্যমে।

জন পারকিন্স এর মতে এমন একটি ম্যাসিভ ইকোনকিম স্যাবোটাজ কে কিভাবে চিনতে পারা যায়? উত্তর হচ্ছে যখন আপনি দেখবেন উন্নয়নশীল বা সল্পন্নোত দেশ গুলোতে এরকম বিশাল আকারের প্রজেক্ট গুলো শুরু হচ্ছে। যার মধ্যে একটি হচ্ছে পাওয়ার/এনার্জি। যেখানে সেই দেশের জন্য এত বিশাল কলেবরের পাওয়ার বা এনার্জি আপাতত কোন দরকার নাই কিংবা এরক্ম মেগা প্রজেক্ট চালানোর মত সামর্থ্য, দক্ষ জনবল বা অন্যান্য উপাদান সমুহ অনুপস্থিত। এবং এই পুরা নাটকে সাধারন জনগনের সম্পর্কিত থাকার কোন সুযোগ তো অনেক দুরের কথা তাদের সামনে এই ব্যাপারে কোন সঠিক তথ্য বা ধারনাই থাকেনা।

কাকতালীয় ভাবে! আমাদের টপিকটিও পাওয়ার নিয়ে। রুপপুর পারমানবিক প্রকল্প। প্রশ্ন হচ্ছে এটাও কি কাকতালীয় যে, স্যাবোটাজের ২য় লক্ষনও এখানে উপস্থিত। দেশের জনগন এই ব্যাপারে কিছুই জানে না। দেশের জনগণ তো অনেক দুরের কথা এই ব্যাপারে বিজ্ঞজনেরাই অনেক কিছু জানেন না!

দেখা যাক - এটি একটি ইকোনমিক স্যাবোটাজ কিনা? কার স্বার্থ রক্ষা হচ্ছে এই প্রকল্পে? বাংলাদেশের মাটি ব্যাবহার করে এই দেশের জনগণের সামনে পারমানবিক বিপর্যয়ের মত বিশাল ঝুঁকিকে সামনে রেখে, এই দেশের জনগণের অর্থ দিয়ে বাস্তবে কার সার্থ রক্ষা করার কাজ চলছে?

এই বিশাল চক্রান্তের জটিলতা এমনকি বিজ্ঞজনের কাছেই পরিষ্কার না! তাই আমরা খুব সহজ ভাবে আমাদের মত সাধারন মানুষের জন্য বোধগম্য হয় এমন বিষয় গুলোই শুধু দেখব। আমি নিজে থেকে তেমন কোন কথাই বলবনা, বরং দেশের এক নম্বর দৈনিক নিউজপেপার প্রথম আলোর প্রতিবেদন এবং পরমানু বিশেষজ্ঞদের মতামত গুলোই

আপনাদের সামনে তুলে ধরব।

পাবনার রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের বিভিন্ন পর্যায়ের লোকবল প্রশিক্ষণ নিচ্ছে ভারতের নিউক্লিয়ার পাওয়ার করপোরেশন অব ইন্ডিয়ায় (এনপিসিআইএল)। গত জুলাই পর্যন্ত তিনটি ব্যাচে মোট ১৪৩ জন বৈজ্ঞানিক কর্মকর্তা প্রশিক্ষণ নিয়েছেন। সর্বশেষ ব্যাচে বৈজ্ঞানিক কর্মকর্তা ছিলেন ৫৫ জন। (প্রথম আলো)

এই ব্যাপারে বাংলাদেশ পরমানু শক্তি কমিশনের সাবেক প্রধান প্রকৌশলী, আব্দুল মতিন সাহেব বলেন -

আমরা জনবলের বিষয়ে বিশেষ জোর দিলেও সরকার সেটা উপলব্ধি করতে পারেনি। জনবল বলতে আমরা কী বোঝাই, সেটা বোঝা দরকার। জনবল মানে রিঅ্যাক্টর অপারেটর নয়। অনেকে মনে করেন যে এখন তো আমরা প্রশিক্ষণে পাঠাচ্ছি। তার মধ্য দিয়ে জনবল তৈরি হচ্ছে। কিন্তু এটাই পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের জনবল নয়। আইএইএর গাইড বইয়ে আছে, আমরা যে সময় পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র করতে চাই তার অন্তত ১০ বছর আগে আমাকে জনবল

তৈরি করতে হবে। এই জনবল পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র-সংক্রান্ত নীতিনির্ধারণী সিদ্ধান্তগুলো নেবে। এই সিদ্ধান্ত ভুল হলে তা কিন্তু আর শোধরানোর সুযোগ নেই। আইএইএর গাইড বই অনুসারে, যঁারা এ সিদ্ধান্ত নেবেন তঁাদের মধ্যে এমন কয়েকজন থাকতে হবে, পরমাণু প্রযুক্তি সম্পর্কে যঁাদের জ্ঞান ও অভিজ্ঞতা চুল্লি সরবরাহকারী প্রতিষ্ঠানের বিশেষজ্ঞদের সমপর্যায়ের। যেহেতু জনবলের এই বিষয়টা আমরা বুঝিনি, সেহেতু আমাদের অনেক খেসারত দেওয়ার আশঙ্কা আছে।

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের জ্যেষ্ঠ বিজ্ঞানীরা জানিয়েছেন, গত বছরে বাংলাদেশ ও ভারতের মধ্যে করা পরমাণু সহযোগিতা চুক্তির আওতায় এখন শুধু লোকবল প্রশিক্ষণের পর্যায় রয়েছে। ভবিষ্যতে রূপপুর পরমাণু বিদ্যুৎকেন্দ্র নির্মাণের বিভিন্ন পর্যায়ে ভারত অংশ নেবে। এর আগে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ, লোকবল প্রশিক্ষণ ও কেন্দ্র পরিচালনার দায়িত্ব রাশিয়ার কাছে ছিল। এ বিষয়ে রাশিয়ার সঙ্গেও একটি চুক্তি রয়েছে বাংলাদেশের। এখন এ প্রকল্পের রাশিয়ার সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত হচ্ছে ভারত। আগে বলা হয়েছিল, এই প্রকল্পে ভারতের কাছ

থেকে পরামর্শ সেবা নেওয়া হবে, প্রকল্পের জনবল প্রশিক্ষণে তারা সহায়তা দেবে। (প্রথম আলো)

অথচ মজার ব্যাপার হচ্ছে -

ভারতের পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রগুলো রাশিয়ারই প্রযুক্তিগত সহায়তায় তৈরি। নিজ দেশে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের রি-অ্যাক্টর থেকে শুরু করে প্রায় সবকিছুর জন্য ভারত রাশিয়ার ওপর নির্ভরশীল। নিজের দেশের কেন্দ্র রক্ষণাবেক্ষণের বাইরে বিশ্বের কোথাও পারমাণবিক কেন্দ্র নির্মাণে ভারতের কোনো অভিজ্ঞতা নেই। (প্রথম আলো)

কিন্তু সেই ভারত আমাদের দক্ষ জনবল তৈরির প্রশিক্ষনের মত গুরুত্বপূর্ণ কাজের মাস্টার মশাই!

কূটনৈতিক সূত্র ও পরমাণু বিশেষজ্ঞদের সঙ্গে কথা বলে জানা গেছে, ভারত মনে করে, প্রতিবেশী কোনো দেশ সামরিকভাবে শক্তিশালী হলে তা হবে তার জন্য ঝুঁকিপূর্ণ। সে কারণে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র যাতে ভবিষ্যতে কোনোভাবেই সামরিক কাজে ব্যবহৃত না হয়, তা নিশ্চিত

করতে চায় দেশটি। (প্রথম আলো)

তার মানে - আমার দেশে আমার জনগণের টাকা দিয়ে কি করা হবে আর কি করা হবে না তা দাদা মশাই ঠিক করে দিবেন! খুবই সঙ্গত কথা, যত যাই হোক - স্বাধীন দেশ বলে কথা!

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পে ভারতের আগ্রহের আরেকটি কারণ, ভারত বহুদিন ধরে নিউক্লিয়ার সাপ্লায়ার্স গ্রুপের (এনএসজি) সদস্যপদ পেতে চেষ্টা করছে। ৪৯টি দেশের এ জোটে ভারত ঢুকতে পারছে না চীনের বাধার কারণে। ভারত এনএসজিতে ঢুকলে পরমাণু পণ্য ও প্রযুক্তি খাতে লাখো কোটি টাকার বাজারে ঢুকতে পারবে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণে যুক্ত হতে পারলে তাদের সে পথ সুগম হবে। কারণ, বাংলাদেশের রূপপুরই ভারতের বাইরে তাদের এ ধরনের কোনো প্রকল্পে প্রথম যুক্ত হওয়া (প্রথম আলো)

জন পারকিন্স এর প্রথম শর্ত সুপস্ট ভাবে দেখা যাচ্ছে - এখানে অন্য কারো স্বার্থ রক্ষা করাই মুল উদ্দেশ্য এবং তা

সম্ভাব্য সব দিক দিয়ে। বাংলাদেশের সাথে রাশিয়ার সম্পর্ক কখনই ভারতের সাথে রাশিয়ার সম্পর্কের চেয়ে বেশি নয়!

রূপপুর আমাদের প্রায় ৫০ বছরের স্বপ্ন। এখন সেই প্রকল্প বাস্তবের মুখোমুখি। আমরা এগিয়ে গেছি। কিন্তু এত বিশাল প্রকল্পের যে ব্যয় তার ৯০ শতাংশই ঋণের টাকা। কাজেই আমাদের ঋণের দায় অনেক বাড়বে। - রেজাউর রহমান : সাবেক জ্যেষ্ঠ কর্মকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।

জন পারকিন্সের কথার আরো বিস্তারিত বিবরণ আরো সুস্পষ্ট হয়ে যাচ্ছে! বিশাল ঋণের বোঝা সাধারন জনগণকেই বহন করতে হবে।

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রকল্প পরিচালক মো. শৌকত আকবরের সঙ্গে দেখা করার জন্য সময় চেয়ে একাধিকবার তাঁর মুঠোফোনে যোগাযোগ করা হয়। খুদে বার্তাও পাঠানো হয়। তবে তিনি সাড়া দেননি। এরপরও গত মার্চ মাস থেকে একাধিকবার তাঁর সঙ্গে দেখা করে কথা বলার চেষ্টা করা হয়েছে। কিন্তু তিনি দেখা করেননি। ফলে ভারতের সঙ্গে চুক্তির পর যেসব অস্পষ্টতা তৈরি হয়েছে বলে

অভিযোগ উঠেছে, সেসব বিষয়ে প্রকল্প পরিচালকের কোনো মতামত জানা সম্ভব হয়নি। (প্রথম আলো)

২০১১ সালে রাশিয়ার সঙ্গে বাংলাদেশের চুক্তি অনুযায়ী, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণের সব দায়িত্ব রাশিয়ার হাতে থাকবে। কিন্তু বাংলাদেশ-রাশিয়া-ভারতের মধ্যে ত্রিপক্ষীয় চুক্তির ফলে রূপপুরে নির্দিষ্টভাবে রাশিয়া ও ভারতের ভূমিকা কোথায় কীভাবে থাকবে, তা নিয়ে অস্পষ্টতা তৈরি হয়েছে। (প্রথম আলো)

তবে বাংলাদেশ-ভারত চুক্তি বিশ্লেষণ করে জানা গেছে, চুক্তির কোথাও কেন্দ্রে বিপর্যয় হলে কে দায় নেবে, সেটা স্পষ্ট নেই। (প্রথম আলো)

কেন্দ্রের সবকিছুই যখন ভারত করবে, তাহলে পরমাণু বিদ্যুৎকেন্দ্রের স্পেন্ট নিউক্লিয়ার ফুয়েল বা ব্যবহৃত পারমাণবিক জ্বালানি কে নেবে, সে ব্যাপারেও অস্পষ্টতা তৈরি হয়েছে। (প্রথম আলো)

এই হিসাব অনুযায়ী, রূপপুরের ব্যয় প্রতি কিলোওয়াটে চার

হাজার ডলারের বেশি হতে পারে না। সেখানে সাড়ে পাঁচ হাজার ডলার কেন হলো সেটা আমি বুঝতে পারছি না। - আবদুল মতিন : সাবেক প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।

রূপপুরের পারমাণবিক বর্জ্য রাশিয়ার নিতে হলে তাদের সংসদে আইন সংশোধন করতে হবে। সেটা তারা করবে কি না আমি জানি না - আবদুল মতিন : সাবেক প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।

- **২য় শর্তও পুরন হয়ে যাচ্ছে - বিজ্ঞ ব্যাক্তিরাই জানেন না কি হচ্ছে!**

এবার আসি - উপসংহারে -

২০১২ সালের জুলাইয়ে ঢাকায় ভারতীয় হাইকমিশন একটি অনুরোধপত্র (নোট ভারবাল) পাঠায় বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে। এতে ভারত রূপপুরে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র প্রকল্পে যুক্ত হওয়ার ইচ্ছা প্রকাশ করে। এরপর তিন বছর বিষয়টি নিয়ে ঢাকা ও দিল্লিতে তো বটেই, এর বাইরে

রাশিয়ায় সরকারের উচ্চপর্যায়ের নীতিনির্ধারকদের সঙ্গে আলোচনা হয়। (প্রথম আলো)

এটা খুবই দুঃখজনক যে রাশিয়া ভারতকে কেন্দ্রের যন্ত্রপাতি সরবরাহের সাব-কন্ট্রাক্টের (উপঠিকাদারি) কাজটি দিয়েছে। অথচ ভারতের ভিভিইআর রি-অ্যাক্টরে যন্ত্রপাতি উৎপাদনের কোনো অভিজ্ঞতাই নেই। ভারত তার নিজের পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র কুদানকুলামের জন্য যন্ত্রপাতি রাশিয়া থেকে আমদানি করেছে। তিনি বলেন, 'অবস্থা দেখে মনে হচ্ছে, ভারত রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে যন্ত্রপাতি সরবরাহ করে সর্বোচ্চ মুনাফা করতে চায়।' - আবদুল মতিন : সাবেক প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন।

'ভারতের সঙ্গে সহযোগিতা চুক্তিতেই এমনটি রয়েছে' জানালে ইয়াফেস ওসমান বলেন, 'ভারত আমাদের বন্ধু, প্রতিবেশী দেশ। আমরা শুধু ভারতের দীর্ঘদিনের অভিজ্ঞতাটুকু নেব। এর বাইরে কোনো সেবা নেব না।' তাহলে চুক্তি নিয়ে পরে কোনো সংকট তৈরি হবে কি না– এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, 'ভারত তো শত্রুরাষ্ট্র না, আমাদের বন্ধুরাষ্ট্র।' - (প্রথম আলো)

- **প্রত্যেকটি বিষয় যখন অস্পষ্ট এবং কারও মুখ থেকে কোন স্পষ্ট ব্যাখ্যা নাই, জনগণের উপরে বিশাল দেনার বোঝা এবং পারমানবিক বিপর্যয়ের মত ঝুকির মুখে জনগণ কে জিম্মি করে যখন একথা টি তারা কোন দ্বিধা ছাড়াই স্পস্ট ভাবে উচ্চারন করতে পারেন - 'ভারত তো শত্রুরাষ্ট্র না, আমাদের বন্ধুরাষ্ট্র -**

তখন আমাদের সামনে একটি প্রশ্নই আসে, তাহলে এই প্রকল্প কার স্বার্থ রক্ষার কাজ করছে? এই প্রকল্পে বাংলাদেশ এবং এই দেশের জনগনের স্বার্থের বিষয় টি কেউই পরিষ্কার করে এখনো দেখাতে পারলেন না, এমন কি বড় বড় পরমানুবিদ গন ও না। এমন অবস্থায় ভারতের সুপস্ট স্বার্থ রক্ষার তাগিদে যখন ভারতকে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ ও পরিচালনার দায়িত্ব দেওয়া হবে এই কথার ব্যাপারে দায়িত্বশীল দের কাছে প্রশ্ন করা হয় তখন তারা **'ভারত তো শত্রুরাষ্ট্র না, আমাদের বন্ধুরাষ্ট্র** - এই বলে উত্তর সারেন।

তাহলে এই ব্যাপারে কোন সন্দেহ থাকার অবকাশ নাই যে,

রুপপুর পারমানবিক প্রকল্পে বাঙ্গালদেশের জনগণের অর্থে এদেশের মাটি এবং জনগন কে পারমানবিক বিপর্জয়ের মত ঝুকির সামনে ফেলে দিয়ে এ সরকার চরম অনুগত দাসের মত শুধু তথা কথিত দাবি কৃত বন্ধু রাষ্ট্র ভারতের স্বার্থ রক্ষার করার লক্ষ্যেই কাজ করে যাচ্ছে।

৮৫.লেটিং দা ফার্স্ট গার্ড ডাউন; সর্ব প্রথম প্রতিরক্ষা কে ছেড়ে দেয়া

সমস্ত প্রশংসা মহান আল্লাহ্* রাব্বুল আলামিনের জন্য! দরুদ এবং সালাম রাসুল (সাঃ) এবং তাঁর সম্মানিত পরিবারবর্গের উপর।

